দর্শনা থানার আয়োজনে কমিউনিটি পুলিশিং ডে পালিত

পুলিশ-জনতা ঐক্য করি, স্মার্ট বাংলাদেশ গড়ে তুলি, এই স্লোগানকে সামনে রেখে দর্শনা থানা ও কমিউনিটি পুলিশিং সমন্বয় কমিটির আয়োজনে কমিউনিটি পুলিশিং ডে-২০২৩ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সকাল দশটার দিকে দিবসটি উপলক্ষে দর্শনা থানা পুলিশ ও জনগণের মধ্যে সুদূহ্য সম্পর্ক গড়ে তোলার জন্য বর্নাট্য র্যালি অনুষ্ঠিত হয়। র্যালিটি দর্শনা থানা থেকে বের হয়ে রেলবাজার প্রদক্ষিণ শেষে আবার থানায় ফিরে সমাপ্ত হয়।

অনুষ্ঠিত বর্ণাঢ্য র্যালিতে উপস্থিত ছিলেন, দর্শনা থানা অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহা,ইন্সপেক্টর (তদন্ত) নীরব হোসেন, ইন্সপেক্টর (অপারেশন) শফিউল আলম সহ থানায় কর্মরত অন্যান্য অফিসার ও ফোর্স এবং কমিউনিটি পুলিশিং সমন্বয় কমিটির সদস্যবৃন্দ।

চুয়াডাঙ্গায় বর্ণাঢ্য আয়োজনে কমিউনিটি পুলিশিং ডে উদযাপিত

‘পুলিশ-জনতা ঐক্য করি, স্মার্ট বাংলাদেশ গড়ে তুলি’ শ্লোগানকে সামনে রেখে আজ শনিবার সকাল সাড়ে নয়টার সময় সারা দেশের ন্যায় চুয়াডাঙ্গায় ‘কমিউনিটি পুলিশিং ডে-২০২৩’ উদযাপিত হয়েছে। চুয়াডাঙ্গা জেলা পুলিশ এবং কমিউনিটি পুলিশিং সমন্বয় কমিটির উদ্যোগে দিবসটি বর্ণাঢ্য আয়োজনে উদযাপিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের সকল পদমর্যাদার অফিসার ফোর্স, আমন্ত্রিত অতিথি ও কমিউনিটি পুলিশিং সদস্যদের উপস্থিতিতে গতকাল শনিবার শহীদ হাসান চত্বরস্থ মাথাভাঙ্গা নতুন ব্রীজ হতে বেলুন, ফেস্টুন ও কবুতর উড়িয়ে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়। র্যালিটি চুয়াডাঙ্গা শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে ডিসি সাহিত্য মঞ্চে

এসে শেষ হয়।

চুয়াডাঙ্গা জেলা ডিসি সাহিত্য মঞ্চে ‘কমিউনিটি পুলিশিং ডে-২০২৩’ উপলক্ষে সকল আত্মবলিদানকারী গর্বিত বাংলাদেশ পুলিশের সদস্যদের আত্মার মাহফেরাত কামনা করে এক মিনিট নিরবতা পালনের মধ্য দিয়ে আলোচনা সভা ও রচনা প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন ও প্রধান উপদেষ্টা কমিউনিটি পুলিশিং সমন্বয় কমিটি, চুয়াডাঙ্গার সভাপতিত্বে প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, সাবেক সংসদ সদস্য (সংরক্ষিত মহিলা আসন-৯) শিরিন নাইম পুনম, চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক খোকন, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ ও আহবায়ক কমিউনিটি পুলিশিং সমন্বয় কমিটি প্রফেসর মোঃ কামরুজ্জামান, সিনিয়র প্রিন্সিপাল অফিসার (অব:) ও সদস্য সচিব কমিউনিটি পুলিশিং সমন্বয় কমিটি মোঃ মনিরুজ্জামান সহ বীর মুক্তিযোদ্ধা, স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ, সুশীল সমাজ, ধর্মীয় নেতৃবৃন্দ, শিক্ষক, ব্যবসায়ী, প্রিন্ট ও ইলেক্ট্রনিকস্ মিডিয়ার সাংবাদিকবৃন্দ এবং চুয়াডাঙ্গা জেলা পুলিশের সকল পদমর্যাদার অফিসার-ফোর্সবৃন্দ

অনুষ্ঠানে বক্তারা বাংলাদেশ পুলিশ এখন দেশের মানুষের প্রধান ভরসাস্থলে পরিণত হয়েছে। পুলিশের সঙ্গে জনগণের সম্পৃক্ততা বৃদ্ধি ও অপরাধ দমনের অন্যতম মাধ্যম হিসেবে কমিউনিটি পুলিশিং বিশেষ ভূমিকা পালন করছে।

পুলিশের কাজে সহযোগিতা ও অপরাধ সচেতনতা তৈরিতে বাল্য বিবাহ রোধ, ইভটিজিং প্রতিরোধ, জঙ্গিবাদ দমন, সন্ত্রাস দমন, মাদকের কুফল, নারী নির্যাতন, শিশু নির্যাতন, যৌতুক নিরোধ ও সামাজিক মূল্যবোধ সৃষ্টিসহ সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বক্তারা বিভিন্ন দিক নির্দেশনা দেন।

[redacted]

[redacted]

[redacted]

ঝিনাইদহে কমিউনিটি পুলিশিং ডে পালিত

“পুলিশ -জনতা ঐক্য করি, স্মার্ট বাংলাদেশ গড়ে তুলি” এই প্রতিপাদ্যকে সামনে নিয়ে কমিউনিটি পুলিশিং ডে -২০২৪ উদযাপন করা হয়েছে।

আজ শনিবার(৪অক্টোবার) সকাল ১১টায় ঝিনাইদহ পুলিশ লাইন ময়দানে এই উপলক্ষে আলোচনা সভা ও সম্মাননা প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহের পুলিশ সুপার মো: আজিম- উল- আহসান এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন আব্দুল হাই (এমপি), বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন তাহজীব আলম সিদ্দিকী সমি (এমপি), খালেদা খানম (মহিলা এমপি), ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, জেলা প্রশাসক এসএম রফিকুল ইসলাম, সাবেক জেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা কমিউনিটি পুলিশিং এর সভাপতি কনক কান্তি দাস, পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল, সরকারি কে.সি কলেজের অধ্যক্ষ অশোক কুমার মৌলিক, সাবেক জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার মকবুল হোসেন।

এসময় আরও উপস্থিত ছিলেন পুলিশের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন উপজেলা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানসহ কমিউনিটি পুলিশিং এর বিভিন্ন পর্যায়ের সদস্যবৃন্দ। অনুষ্ঠান পরিচালনা করেন অতিরিক্ত পুলিশ সুপার মীর আবিদুর রহমান।

বক্তারা বলেন পুলিশ জনগণের বন্ধু এবং পুলিশি জনতা জনতায় পুলিশ, এখন পুলিশকে আর মানুষ আগেরমত কেউ ভয় পায়না, বিপদে পড়লে সবাই পুলিশের সহযোগিতা নেয়, পুলিশ ছাড়া দেশ একদিনও চলতে পারে না। মানুষের নিরাপত্তা এবং রাষ্ট্রের শৃঙ্খলা রক্ষায় পুলিশের ভূমিকা অগ্রগণ্য। এছাড়াও দুর্যোগ দুর্বিপাকে পুলিশের সেবা নিয়ে থাকি। পুলিশকে আরও পেশাদারিত্বের ভূমিকা নিয়ে কাজ করার আহবান জানান।

আলোচনা শেষে ভাল কাজের স্বীকৃতি স্বরুপ শ্রেষ্ঠ কমিউনিটি পুলিশ অফিসার হিসেবে ঝিনাইদহ সদর থানার সেকেন্ড অফিসার এস আই মোঃ শরিফুল ইসলাম শরীফ কে এবং কয়েকজন কমিউনিটি পুলিশ সদস্যকে সম্মাননা প্রদান করা হয়।

[redacted]

‘[redacted]-[redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted]’ [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]-[redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] (a [redacted]) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

দর্শনায় কমিউনিটি পুলিশিং ডে উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা

কমিউনিটি পুলিশিং এর মৃলমন্ত্র,শান্তি শৃঙ্খলা সর্বত্র এ স্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গার দর্শনা থানার উদ্দ্যেগে পুলিশিং ডে ও বর্ণাঢ্য র্যালি আলোচনা সভা পালিত হয়েছে।

আজ শনিবার সকাল ১০ টায় দর্শনা থানা চত্বরে কমিউনিটি পুলিশিং সমন্বয় কমিটির উদ্দ্যেগে র্যালি ও আলোচনা সভা পালিত হয়।

দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচএম লুৎফুল কবীরের সভাপতিত্বে প্রাধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্যে রাখেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু।

তিনি বক্তব্যে বলেন, আমার উপজেলার ভিতরে ২টা থানা প্রত্যক মাসিক মিটিংয়ে আইনশৃঙ্খলা নিয়ে মিটিং হয়। এ মিটিংয়ে আমি বার,বার বলি মাদক আমাদের সমাজের একটি মরন ব্যাধি। মাদক না কমাতে পারলে আগামী প্রজন্ম ধংস হয়ে যাবে।তাই আসুন আমরা সম্বলিত ভাবে মাদক নিমৃল করি। মাদক যারা সেবন করে তারা তার পরিবার ধংস হচ্ছে নষ্ট হচ্ছে সমাজ,নষ্ট হচ্ছে যুব সমাজ। তাই চলো যাই যুদ্ধে মাদকের বিরুদ্বে।

এ সময় তিনি আরও বলেন বর্তমান সরকার বাল্য বিবাহ ও ইফটিজিংয়ের বিরুদ্ধে সোচ্ছার, এ সরকার গরীব দুঃখী মা বোনদের জন্য মাতৃগর্ভ ভাতা দিচ্ছে যাতে করে গরীব-অসহায় মানুষ একটু ভালোমন্দ খেয়ে পুষ্ট বাচ্ছা জন্ম দিতে পারে। পরিশেষে তিনি বলেন এ সরকারের উন্নয়ন দেখে জামাত বিএনপি আবারো ষড়যন্ত্রে লিপ্ত হচ্ছে। এদের দাঁত ভাঙ্গা জবাব দিতে হবে।